

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটির সভার (সেপ্টেম্বর ২০২০) কার্যবিবরণী

সভাপতি	মোঃ সুজায়েত উল্যা পরিচালক
সভার তারিখ	০৯/০৯/২০২০
সভার সময়	বেলা ১১.৩০টা
স্থান	জাতীয় আরকাইভস ভবনের সভা কক্ষ
উপস্থিতি	১. জনাব মোঃ হারিছ সরকার, প্রোগ্রামার, সদস্য, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি; ২. মোঃ জামাল উদ্দিন, সদস্য, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি; ৩. জনাব মোঃ ইলিয়াছ মিয়া, গবেষণা কর্মকর্তা, সদস্য, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি ৪. জনাব মোঃ আলী আকবর, সহকারী পরিচালক, সদস্য সচিব, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি

আলোচনা :

কমিটির সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন যে, করোনা ভাইরাস জনিত মহামারীর কারণে সবাইকে স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে। অফিসের সকল কর্মকর্তা ও কর্মচারীকে এবং সেবাগ্রহীতাদের অফিসে প্রবেশের পূর্বে সাবান পানি দিয়ে হাত ধুইয়ে থার্মাল স্ক্যানার দিয়ে শরীরের তাপমাত্রা মেপে অফিসে প্রবেশ করতে হবে।

সভাকে আরো জানানো হয় যে, দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহী নিশ্চিত করণের লক্ষ্যে শুদ্ধাচার / উত্তম চর্চার বিষয়ে অংশীজনের সঙ্গে মতবিনিময় সভা করার নির্দেশনা রয়েছে। সভাপতি বলেন যে, করোনা ভাইরাসজনিত মহামারীর কারণে সীমিত পরিসরে অংশীজনের সভা সেপ্টেম্বর মাসের শেষ সপ্তাহে করা যেতে পারে। সভাপতি প্রথম কোয়ার্টারের রিপোর্ট প্রস্তুত করে যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে নির্দেশনা দেন। আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়-

সিদ্ধান্ত :

ক্রমিক নং	সিদ্ধান্ত	বাস্তবায়নের দায়িত্ব	মন্তব্য
১.	অফিসের সকল কর্মকর্তা ও কর্মচারীকে এবং সেবাগ্রহীতাদের অফিসে প্রবেশের পূর্বে সাবান পানি দিয়ে হাত ধুইয়ে থার্মাল স্ক্যানার দিয়ে শরীরের তাপমাত্রা মেপে অফিসে প্রবেশ করতে হবে।	প্রশাসন শাখা	
২.	করোনা ভাইরাসজনিত মহামারীর কারণে সীমিত পরিসরে শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনের সঙ্গে মতবিনিময় সভা সেপ্টেম্বর মাসের তৃতীয় সপ্তাহে করা হবে।	সদস্যসচিব, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি	
৩.	প্রথম কোয়ার্টারের রিপোর্ট প্রস্তুত করে যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	সদস্যসচিব, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি।	

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

মোঃ সুজায়েত উল্যা
পরিচালক

স্মারক নম্বর: ৪৩.২৫.০০০০.০০৭.৩২.০০২.১৮.৩৬

তারিখ: ২৯ ভাদ্র ১৪২৭

১৩ সেপ্টেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) প্রোগ্রামার, আইটি শাখা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ২) উপপরিচালক (আ:), প্রশাসন শাখা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর (প্রয়োজনীয় কার্যার্থে)
- ৩) চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক (চলতি দায়িত্ব), চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৪) গবেষণা কর্মকর্তা, গবেষণা শাখা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
- ৫) মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, মহাপরিচালকের দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬) পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিচালক এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর

মোঃ আলী আকবর
সহকারী পরিচালক